গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,বরিশাল বিভাগ, বরিশাল

এবং

প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০২০ - ৩০ জুন, ২০২১

# সূচিপত্র

উপক্রমণিকা

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর বরিশাল জেলার কর্মসম্পাদনের সার্বিক চিত্র

সেকশন ১: রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ ,কার্যাবলি

সেকশন ২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

সেকশন ৩: কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

সংযোজনী ১: শব্দসংক্ষেপ

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকের পরিমাপ পদ্ধতি

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা

# উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তরসমূহে প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,বরিশাল বিভাগ, বরিশাল

এবং

প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা এর মধ্যে ২০২০ সালের জুলাই মাসের ২৩ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বরিশাল জেলার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Barishal District, DPHE)

### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা:
### সাম্প্রতিক বছর সমূহের (৩বছর) প্রধান অর্জন সমূহ

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (ডিপিএইচই), স্থানীয় সরকার বিভাগের আওতাধীন একটি সংস্থা। নিরাপদ পানি সরবরাহের মাধ্যমে জনস্বাস্থ্যের উন্নয়নের দায়িত্ব অর্পণ করে ১৯৩৫ সালে প্রতিষ্ঠা করা হয় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর। পরবর্তীতে ১৯৫৪ সালে এর সাথে যুক্ত করা হয় স্যানিটেশন সেবা প্রদানের দায়িত্ব। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (ডিপিএইচই) বর্তমানকালে ওয়াসার আওতাধীন এলাকা ব্যতীত সমগ্রদেশের নিরাপদ পানি ও স্যানিটেশন ব্যবস্থা নির্মাণ ও ব্যবস্থাপনার দায়িত্ব পালন করছে।

বরিশাল জেলায় পল্লী ও পৌর এলাকায় সুপেয় পানি সরবরাহ এবং স্বাস্থ্য সম্মত স্যানিটেশন কার্যক্রম নির্বাহী প্রকৌশলীর কার্যালয় এবং উপজেলা পর্যায়ে সহকারী / উপ-সহকারী প্রকৌশলীর কার্যালয়ের মাধ্যমে বাস্তবায়ন করা হয়। বিগত ৩ (তিন) বছরে এই জেলায় প্রায় ৫০০০ টি গভীর নলকূপ স্থাপন, ৮০ কিঃমিঃ পাইপ লাইন স্থাপন এর মাধ্যমে পল্লী ও পৌর এলাকায় পানি সরবরাহ, ২০ টি কমিউনিটি ল্যাট্রিন, ১০ টি পাবলিক টয়লেট নির্মাণ, করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণ প্রতিরোধে ৪৫ টি হাত ধোয়ার বেসিন স্থাপন এবং ২৩০০ সেট স্বল্প মূল্যের ল্যাট্রিন বিতরনের মাধ্যমে স্যানিটেশন সুবিধা প্রদান করা হয়েছে। এছাড়াও প্রতি বছর অক্টোবর মাসে জাতীয় স্যানিটেশন মাস ও ১৫ অক্টোবর বিশ্ব হাত ধোয়া দিবস উদযাপনের মাধ্যমে জেলাবাসীকে উন্নত স্যানিটেশন ও স্বাস্থ্য শিক্ষা বিষয়ে সচেতন করা হয়।

### সমস্যা এবং চ্যালেঞ্জ সমূহ

বরিশাল জেলার পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার প্রধান চ্যালেঞ্জ হল জেলাটি নদ-নদী বেষ্টিত। জেলার প্রায় বেশকটি উপজেলাই নদী বেষ্টিত এবং দুর্গম। জেলার হিজলা, মেহেন্দীগঞ্জ উপজেলাসহ অন্য কয়েকটি উপজেলায় প্রায় প্রতি বছরই নদী ভাঙন, বন্যাসহ বিভিন্ন প্রাকৃতিক দূর্যোগে আক্রান্ত হয়। পর্যাপ্ত জরুরী তহবিল এর অভাব প্রাকৃতিক দূর্যোগে জরুরী পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার নিশ্চিতকরণের ক্ষেত্রে অন্তরায় হয়ে দাঁড়ায়। তাছাড়া এই ক্রমেই ভূগর্ভস্থ পানির স্তর নিচে চলে যাওয়া, সুপেয় পানির স্তর না পাওয়া ইত্যাদি কারনে পানির উৎস স্থাপন করা এই অঞ্চলের জন্য একটি বিরাট চ্যালেঞ্জ।

### ভবিষ্যৎ পরিকল্পনা

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তক বরিশাল জেলায় পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার উন্নতির জন্য বেশ কিছু ভবিষ্যৎপরিকল্পনা রয়েছে। যেমন, ভূ-পৃষ্ঠস্থ পানির যথাযথ ব্যবহার এবং সংরক্ষন, পুকুর খননের মাধ্যমে ভূ-পৃষ্ঠের পানি ব্যবহার বৃদ্ধিকরণ, জেলার প্রতিটি প্রোথ সেন্টারে পাইপড ওয়াটার সাপ্লাই সিস্টেম স্থাপন এবং জাতিসংঘ ঘোষিত "টেকসই উন্নয়ণ অভীষ্ট" এর লক্ষমাত্রা ৬.২ অনুযায়ী, "২০৩০ সালের মধ্যে সকলের জন্য সমতা ও পর্যাপ্ততার ভিত্তিতে স্যানিটেশন ও ব্যাক্তিগত স্বাস্থ্য পরিচর্যার সুযোগ সৃষ্টি করা, খোলা জায়গায় মলত্যাগ নির্মূল করা এবং নারী ও ঝুঁকিপূর্ণ পরিস্থিতিতে বিদ্যমান জনগোষ্ঠীর স্যানিটেশন ও স্বাস্থ্য পরিচর্যার উপর বিশেষ গুরুত্বারোপ করা"।

### ২০২০-২১ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জন সমূহ:

- পল্লী ও পৌর এলাকায় বিভিন্ন প্রযুক্তির পানির উৎস স্থাপন – ২২৬২ টি
- পৌর এলাকায় পানি সরবরাহের লক্ষ্যে পাইপ লাইন স্থাপন – ১৫ কিঃমিঃ
- পুকুর খনন/পুনঃখনন এবং পিএসএফ নির্মাণ – ২ টি
- উৎপাদক নলকূপ সহ পাম্প হাউজ নির্মাণ – ২ টি
- পল্লী এলাকায় কমিউনিটি ল্যাট্রিন স্থাপন – ৩ টি
- পল্লী এলাকায় পাবলিক ল্যাট্রিন স্থাপন- ২ টি
- পৌর এলাকায় কমিউনাল বিন নির্মাণ – ১০ টি

## সেকশন ১

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বরিশাল জেলার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) এবং কার্যাবলি (Functions):

১.১ রূপকল্প (Vision): জনগনের জন্য সুপেয় পানি সরবরাহ ও স্বাস্থ্যসম্মত স্যানিটেশনের ব্যবস্থা করা।

১.২ অভিলক্ষ্য (Mission) : সকলের জন্য পানি সরবরাহ ও স্যানিটেশন সুবিধা বাস্তবায়নের জন্য প্রতিষ্ঠানসমূহের এবং কমিউনিটির দক্ষতা বৃদ্ধি করা।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

১.৩.১ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বরিশাল জেলার কৌশলগত উদ্দেশ্যসমূহঃ

১. পল্লী ও পৌর এলাকায় সুপেয় পানি সরবরাহ ব্যবস্থা নিশ্চিতকরন।
২. পল্লী ও পৌর এলাকায় স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন।
৩. পানির গুণগত মান নিশ্চিতকরণ।

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহঃ

১. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিত করন।
২. কর্মকান্ডে গতিশীলতা আনায়ন ও সেবার মান বৃদ্ধি।
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন।

১.৪ কার্যাবলি

- পল্লী এলাকায় ইউনিয়ন পরিষদের সহায়তায় পানি সরবরাহ ও স্যানিটেশন কার্যক্রম বাস্তবায়ন ;
- পৌর এলাকায় পৌরসভার সহায়তায় পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার অবকাঠামো নির্মাণ, উন্নয়ন, সম্প্রসারণ ও কারিগরি সহায়তা প্রদান; সমগ্র জেলার খাবার পানির গুণগত মান পরীক্ষা, পরিবীক্ষণ ও পর্যবেক্ষণ;
- আর্সেনিক, আয়রন ও লবণাক্ততা আক্রান্ত এলাকায় নতুন লাগসই প্রযুক্তির মাধ্যমে নিরাপদ পানি সরবরাহের ব্যবস্থা করা;
- পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার পরিচালনা ও রক্ষণাবেক্ষণে দক্ষতা উন্নয়নের লক্ষ্যে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে (ইউনিয়ন পরিষদ ও পৌরসভা) কারিগরি সহায়তা প্রদান;
- আপদ-কালীন (বন্যা, ঘূর্ণিঝড় ইত্যাদি) সময়ে জরুরী ভিত্তিতে পানি সরবরাহ ও স্যানিটেশন সুবিধার ব্যবস্থা করা ;
- স্থানীয় সরকার প্রতিষ্ঠান, বেসরকারি উদ্যোক্তা, বেসরকারি সংস্থা এবং Community Based Organization (CBO) সমূহকে পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা উন্নয়নে কারিগরি পরামর্শ প্রদান, তথ্য সরবরাহ;
- নিরাপদ খাবার পানি নিশ্চিত করার জন্য জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের প্রধান কার্যালয়ের সহায়তায় জেলার সকল এলাকায় পানি সরবরাহ ব্যবস্থায় ওয়াটার সেফটি প্লান (WSP) বাস্তবায়ন করা

# সেকশন-২

## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicators) | একক (Unit) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা ২০২০-২১ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৮-১৯ | ২০১৯-২০ | | ২০২১-২২ | ২০২২-২৩ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| পল্লী অঞ্চলে নিরাপদ পানি সরবরাহের কভারেজ বৃদ্ধি | কভারেজ | শতকরা হার | ৮৭ | ৮৮ | ৯০ | ৯১ | ৯২ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বরিশাল | JMP Report 2014, 2015 এবং ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা (২০১৬-২০২০) |
| পৌর অঞ্চলে নিরাপদ পানি সরবরাহের কভারেজ বৃদ্ধি | কভারেজ | শতকরা হার | ৮০ | ৮১ | ৮৩ | ৮৫ | ৮৭ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বরিশাল | JMP Report 2014, 2015 এবং ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা (২০১৬-২০২০) |
| পল্লী অঞ্চলে বেসিক স্যানিটেশনের কভারেজ বৃদ্ধি | কভারেজ (ইম্প্রুভড ল্যাট্রিন কভারেজ) | শতকরা হার | ৮০(৭০) | ৮১(৭২) | ৮২(৭৫) | ৮৪(৭৮) | ৮৫(৮০) | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বরিশাল | JMP Report 2014, 2015 এবং ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা (২০১৬-২০২০) |
| পৌর অঞ্চলে বেসিক স্যানিটেশনের কভারেজ বৃদ্ধি | কভারেজ (ইম্প্রুভড ল্যাট্রিন কভারেজ) | শতকরা হার | ৮৮(৭৫) | ৯০(৭৮) | ৯২(৮০) | ৯৪(৮২) | ৯৬(৮৪) | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বরিশাল | JMP Report 2014, 2015 এবং ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা (২০১৬-২০২০) |

## সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্ম সম্পাদন সূচক এবং লক্ষ্য মাত্রা সমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্ম সম্পাদন সূচক (Performance Indicators) | গণনা পদ্ধতি (Calculation Method) | একক (Unit) | কর্ম সম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন* | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ Target /Criteria Value for FY 2018-19) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০২১-২২ | প্রক্ষেপণ (Projection) ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | ২০১৮-১৯ | ২০১৯-২০ | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বরিশাল জেলার কৌশলগত উদ্দেশ্য সমূহ** | | | | | | | | | | | | | | | |
| [১] পল্লী ও পৌর এলাকায় সুপেয় পানি সরবরাহ ব্যবস্থা নিশ্চিত করন। | ৫২ | [১.১] গ্রামীণ এলাকায় সুপেয় পানির জন্য নলকূপ / পানির উৎস স্থাপন | [১.১.১] স্থাপিত নলকূপ/ পানির উৎস | সমষ্টি | সংখ্যা | ১৫ | ১৫৬৮ | ২৪৮৯ | ২২৬২ | ২০৩৫ | ১৮১০ | ১৫৮০ | ১৩৫৫ | ৩২০৪ | ২২৬২ |
| | | | [১.১.২] নির্মিত পন্ডস্যান্ড ফিল্টার | সমষ্টি | সংখ্যা | ৫ | | | ২ | ১ | | | | | |
| | | [১.২]গ্রামীণ এলাকায় পুকুর খনন স্কীম | [১.২.১] নির্মিত পুকুর খনন স্কীম | সমষ্টি | সংখ্যা | ১০ | ২ | ৫ | ২ | ১ | - | - | - | - | - |
| | | [১.৩]পৌর এলাকায় পরীক্ষামূলক নলকূপ স্থাপন | [১.৩.১] স্থাপিত পরীক্ষামূলক নলকূপ | সমষ্টি | সংখ্যা | ৫ | ১ | ১ | ২ | ১ | - | - | - | - | - |
| | | [১.৪]পৌর এলাকায় উৎপাদক নলকূপের মাধ্যমে পানি সরবরাহ | [১.৪.১] স্থাপিত/ প্রতিস্থাপিত উৎপাদক নলকূপ | সমষ্টি | সংখ্যা | ৩ | ১ | ১ | ২ | ১ | - | - | - | - | - |
| | | | [১.৪.২] পাম্প মটর স্থাপন | সমষ্টি | সংখ্যা | ২ | ১ | ১ | ২ | ১ | - | - | - | - | - |
| | | [১.৫] পৌর এলাকায় পাম্প হাউজ নির্মাণ | [১.৫.১] নির্মিত পাম্প হাউজ | সমষ্টি | সংখ্যা | ২ | ১ | - | ২ | ১ | - | - | - | - | - |
| | | [১.৬] পৌর এলাকায় হাউজ কানেকশানের মাধ্যমে পানি সরবরাহ | [১.৬.১] গৃহ সংযোগ | সমষ্টি | সংখ্যা | ৫ | ২০০ | ২০০ | ৫০০ | ৪০০ | ৩০০ | ২০০ | ১০০ | - | - |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্ম সম্পাদন সূচক (Performance Indicators) | গণনা পদ্ধতি (Calculation Method) | একক (Unit) | কর্ম সম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন* | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ Target /Criteria Value for FY 2018-19) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০২১-২২ | প্রক্ষেপণ (Projection) ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | ২০১৮-১৯ | ২০১৯-২০ | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| | | [১.৭] পৌর এলাকায় পাইপ লাইনের নিরাপদ পানি সরবরাহ | [১.৭.১] পাইপ লাইন স্থাপন | সমষ্টি | কি:মি: | ৫ | ৮ | ১০ | ১৫ | ১২ | ১০ | ৮ | ৬ | - | - |
| [২] পল্লী ও পৌর এলাকায় স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন | ১৩ | [২.১] পৌর এলাকায় পাবলিক টয়লেট/কমিউনিটি ল্যাট্রিন স্থাপন | [২.১.১] নির্মিত পাবলিক টয়লেট/কমিউনটি ল্যাট্রিন | সমষ্টি | সংখ্যা | ১০ | - | - | ৫ | ৪ | ৩ | ২ | ১ | - | - |
| | | [২.২] পৌর এলাকায় কমিউনাল বিন স্থাপন | [২.২.১] পৌর এলাকায় কমিউনাল বিন স্থাপন | সমষ্টি | সংখ্যা | ৩ | - | - | ১০ | ৭ | ৫ | ৩ | ১ | | |
| [৩] পানির গুণগত মান নিশ্চিতকরণ | ১০ | [৩.১] পানির গুণগত মান পরীক্ষা/ পরিবীক্ষণ | [৩.১.১] পরীক্ষাগারে পরীক্ষিত পানির নমুনা | সমষ্টি | সংখ্যা | ১০ | ১৬৬৮ | ২৫৮৯ | ২২৬৮ | | | | | | |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সুচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator) | লক্ষ্যমাত্রার মান ২০২০-২১ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| [১] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ১১ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন। | [১.১.১] এপিএ'র সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | সংখ্যা | ২ | ৪ | - | - | - | - |
| | | | [১.১.২] এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত | সংখ্যা | ১ | ১২ | ১১ | - | - | - |
| | | [১.২] শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় | [১.২.১] মতবিনিময় সভা অনুষ্ঠিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | - | - |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা /অংশীজনদের অবহিতকরণ | [১.৩.১]অবহিতকরণ সভা আয়োজিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | - | - |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ | [১.৪.১]অবহিতকরণ সভা আয়োজিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | | - |
| | | [১.৫] তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ | [১.৫.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | | | |
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ৮ | [২.১]ই-নথি বাস্তবায়ন | [২.১.১] ই-নথিতে নোট নিস্পত্তিকৃত | % | ২ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | - |
| | | [২.২] উদ্ভাবনী /ক্ষুদ্র উন্নয়ন উদ্যোগ বাস্তবায়ন | [২.২.১] নূনতম একটি উদ্ভাবনী /ক্ষুদ্র উন্নয়ন উদ্যোগ চালুকৃত | সংখ্যা | ২ | ১৫-২-২১ | ১৫-৩-২১- | ১৫-৪-২১ | ১৫-৫-২১ | - |
| | | [২.৩] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [২.৩.১] প্রত্যেক কর্মচারির জন্য প্রশিক্ষণ আয়োজিত | জনঘন্টা | ২ | ৪০ | ৩০ | ২০ | ১০ | - |
| | | | [২.৩.২] ১০ম গ্রেড ও তদুর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ | জনঘন্টা | ১ | ৫ | ৪ | - | - | - |
| | | [২.৪] এপিএ বাস্তবায়নে প্রনোদনা প্রদান | [২.৪.১] ন্যূনতম একটি আওতাধীন দপ্তর/ একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রনোদনা প্রদানকৃত | সংখ্যা | ১ | ১ | - | - | - | - |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [৩.১.১] ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/বাজেট বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) /বাজেট বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | [৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ২ | ৫০ | ৪০ | ৩০ | ২৫ | - |
| | | [৩.৪] হালনাগাদকৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা উর্ধতন অফিসে প্রেরণ | [৩.৪.১] হালনাগাদকৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা উর্ধতন অফিসে প্রেরিত | তারিখ | ১ | ১৫-১২-২০ | ১৪-০১-২১ | ১৫-২-২১ | - | - |

আমি, নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বরিশাল জেলা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা, নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বরিশাল জেলা এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| ------------------------------------------ | ২৩/০৭/২০২০<br>------------------------------- |
| নির্বাহী প্রকৌশলী<br>জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর<br>বরিশাল জেলা, বরিশাল | তারিখ |
| ------------------------------------------ | ২৩/০৭/২০২০<br>------------------------------- |
| প্রধান প্রকৌশলী<br>জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর<br>ঢাকা | তারিখ |

সংযোজনী-১

# শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিকনং | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১. | ডিপিএইচই | ডিপার্টমেন্ট অব পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারিং |
| ২. | ওয়াসা | ওয়াটার সাপ্লাই এন্ড স্যুয়ারেজ অথরিটি |
| ৩. | কি:মি: | কিলোমিটার |
| ৪. | WSP | Water Safety Plan |
| ৫. | পিএসএফ | পন্ড স্যান্ড ফিল্টার |

## সংযোজনী- ২

## কর্ম সম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি- এর বিবরণ

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | [১.১] গ্রামীণ এলাকায় সুপেয় পানির জন্য নলকূপ / পানির উৎস স্থাপন | [১.১.১] স্থাপিত নলকূপ/ পানির উৎস | বিভিন্ন প্রকল্পের আওতায় গ্রামীণ এলাকায় সুপেয় পানির জন্য নলকূপ/ উৎস স্থাপন | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বরিশাল বিভাগ | অধিদপ্তরীয় অগ্রগতি প্রতিবেদন | |
| | [১.২]গ্রামীণ এলাকায় পুকুর খনন স্কীম | [১.১.২] নির্মিত পন্ডস্যান্ড ফিল্টার | বিভিন্ন প্রকল্পের আওতাধীন গ্রামীণ এলাকায় পন্ডস্যান্ড ফিল্টার নির্মাণ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বরিশাল বিভাগ | অধিদপ্তরীয় অগ্রগতি প্রতিবেদন | |
| | | [১.২.১] নির্মিত পুকুর খনন স্কীম | বিভিন্ন প্রকল্পের আওতায় সুপেয় পানির জন্য পুকুর খনন | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বরিশাল বিভাগ | অধিদপ্তরীয় অগ্রগতি প্রতিবেদন | |
| | [১.৩]পৌর এলাকায় পরীক্ষামূলক নলকূপ স্থাপন | [১.৩.১] স্থাপিত পরীক্ষামূলক নলকূপ | বিভিন্ন প্রকল্পের আওতায় পরীক্ষামূলক নলকূপ স্থাপন | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বরিশাল বিভাগ | অধিদপ্তরীয় অগ্রগতি প্রতিবেদন | |
| | [১.৪]পৌর এলাকায় উৎপাদক নলকূপের মাধ্যমে পানি সরবরাহ | [১.৪.১] স্থাপিত/ প্রতিস্থাপিত উৎপাদক নলকূপ | বিভিন্ন প্রকল্পের আওতায় উৎপাদক নলকূপ স্থাপন/ প্রতিস্থাপন | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বরিশাল বিভাগ | অধিদপ্তরীয় অগ্রগতি প্রতিবেদন | |
| | | [১.৪.২] পাম্প মটর স্থাপন | বিভিন্ন প্রকল্পের আওতায় পাম্প মটর স্থাপন | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বরিশাল বিভাগ | অধিদপ্তরীয় অগ্রগতি প্রতিবেদন | |
| | [১.৫] পৌর এলাকায় পাম্প হাউজ নির্মাণ | [১.৫.১] নির্মিত পাম্প হাউজ | বিভিন্ন প্রকল্পের আওতায় পাম্প হাউজ স্থাপন | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বরিশাল বিভাগ | অধিদপ্তরীয় অগ্রগতি প্রতিবেদন | |
| | [১.৬] পৌর এলাকায় হাউজ কানেকশানের মাধ্যমে পানি সরবরাহ | [১.৬.১] গৃহ সংযোগ | পৌর এলাকার জন্য নিরাপদ পানি সরবরাহের লক্ষ্যে গৃহ সংযোগ স্থাপন | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বরিশাল বিভাগ | অধিদপ্তরীয় অগ্রগতি প্রতিবেদন | |
| | [১.৭] পৌর এলাকায় পাইপ লাইনের নিরাপদ পানি সরবরাহ | [১.৭.১] পাইপ লাইন স্থাপন | পৌর এলাকার জন্য নিরাপদ পানি সরবরাহের লক্ষ্যে পাইপলাইন স্থাপন | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বরিশাল বিভাগ | অধিদপ্তরীয় অগ্রগতি প্রতিবেদন | |
| ২ | [২.১] পৌর এলাকায় পাবলিক টয়লেট/কমিউনিটি ল্যাট্রিন স্থাপন | [২.১.১] নির্মিত পাবলিক টয়লেট/কমিউনটি ল্যাট্রিন | পৌর এলাকায় স্যানিটেশন সুবিধা নিশ্চিত করণের লক্ষ্যে পাবলিক টয়লেট/কমিউনিটি ল্যাট্রিন নির্মাণ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বরিশাল বিভাগ | অধিদপ্তরীয় অগ্রগতি প্রতিবেদন | |
| | [২.২] পৌর এলাকায় কমিউনাল বিন স্থাপন | [২.২.১] পৌর এলাকায় কমিউনাল বিন স্থাপন | পৌর এলাকায় স্যানিটেশন সুবিধা নিশ্চিত করণের লক্ষ্যে কমিউনাল বিন স্থাপন | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বরিশাল বিভাগ | অধিদপ্তরীয় অগ্রগতি প্রতিবেদন | |
| ৩ | [৩.১] পানির গুণগত মান পরীক্ষা/ পরিবীক্ষণ | [৩.১.১] পরীক্ষাগারে পরীক্ষিত পানির নমুনা | নিরাপদ পানি সরবরাহের উদ্দেশ্যে পানির সব ধরনের উৎসের নমুনা পরীক্ষাগারে পরীক্ষা করা | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বরিশাল বিভাগ | অধিদপ্তরীয় অগ্রগতি প্রতিবেদন | |